

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
আইন শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/১১ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৫.৩২.০০১.১৬-৩০৫—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 3 এর Sub-Section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩০ চৈত্র, ১৪০৫ বঙ্গাব্দ মোতাবেক ১৩ এপ্রিল, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-৭৩-আইন/৯৯-শ্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ০৯ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং ৪০.০০.০০০০.০১৫.৩২.০০১.১৬.৩১ দ্বারা উক্ত প্রযোজ্যতা ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে উত্তীর্ণ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার আবশ্যিকতা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর Section 3 এর Sub-Section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ০৬ (ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৩ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রাজা মিয়া  
উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৪৩২১ )

মূল্য : টাকা ৪.০০